



এসাইনমেন্ট (১ম পর্ব) - ২০২০

শ্রেণিঃ সপ্তম

বিষয়ঃ বাংলা ১ম পত্র

সময়ঃ ১ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৫০

নিচের প্রশ্নগুলোর উত্তর এক বাক্যে লিখঃ

২০

- ১। এশীয়দের মধ্যে কে প্রথম নোবেল পুরস্কার পেয়েছিলেন?
- ২। কাবুলিওয়ালার কত দিনের কারাদণ্ড হয়েছিল?
- ৩। লাটু কোথায় ডানা ভাঙা পাখিটার জন্য বুড়ি বেঁধে দেয়?
- ৪। 'চমকপ্রদ' শব্দের অর্থ কী?
- ৫। মক্কা বিজয়ের পর কোথায় বসে হযরত মুহাম্মদ (স.) বক্তৃতা করছিলেন?
- ৬। 'পরিভ্রাণ' শব্দের অর্থ কী?
- ৭। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী গানটির সুরকার কে?
- ৮। লখার শরীরে কোন স্থানে খচ করে কাঁটা ঢুকে গেল?
- ৯। 'নতুন দেশ' কবিতাটি কোন গ্রন্থের অন্তর্গত?
- ১০। 'নতুন দেশ' কবিতায় দূর সাগরের পারে জলের ধারে কী আছে?
- ১১। 'বাস্প-শকট' শব্দের অর্থ কী?
- ১২। কাজী নজরুল ইসলাম রচিত 'চল চল চল' গানটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- ১৩। 'আমার বাড়ি' কবিতায় কবি কোন ফুলের মালা গাঁথবেন?
- ১৪। কোন ঋতুতে 'শালি' ধান উৎপন্ন হয়?

- ১৫। ‘সবার আমি ছাত্র’ কবিতায় কে কবিকে আপন তেজে জ্বলতে মন্ত্রণা দেয়?
- ১৬। কে থলি বোঝাই করে বখশিশ পেল?
- ১৭। বনফুলের প্রকৃত নাম কী?
- ১৮। বুলু লেখকের কানের কাছে এসে কী বলেছিল?
- ১৯। সপ্তাহের কত সময় ছেলেদের রচনা লিখার জন্য বাঁধা ছিল?
- ২০। আদুভাই বরাবর কয়টি পুরস্কার পেতেন ও সেগুলো কী কী?

১। নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

‘অর্ধ পৃথিবী করেছ শাসন ধূলার তখতে বসি
খেজুরপাতার প্রাসাদ তোমার বারে বারে গেছে খসি
সাইমমু-ঝড়ে। পড়েছে কুটির, তুমি পড়নি ক’ নুয়ে,
উর্ধ্ব যারা-পড়েছে তাহারা, তুমি ছিলে খাড়া ভুঁয়ে।
শত প্রলোভন বিলাসবাসনা ঐশ্বর্যের মদ
করেছে সালাম দূর হতে সব ছুঁইতে পারে নি পদ।
সবারে উর্ধ্ব তুলিয়া ধরিয়া তুমি ছিলে সব নিচে
বুকে করে সবে বেড়া করি পার, আপনি রহিলে পিছে।’

- ক) হযরত মুহাম্মদ (স.) ভূত্যের নাম কী ছিল? ১
- খ) ‘জগতে সাম্যের প্রতিষ্ঠা মোস্তাফা চরিত্রের অন্যতম বিশেষত্ব’। ব্যাখ্যা কর। ২

- গ) উদ্দীপকের প্রথম চার চরণে ‘মরু-ভাস্কর’ প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে?
ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকটির মূলভাব ‘মরু-ভাস্কর’ প্রবন্ধের সম্পূর্ণ ভাবকে স্পর্শ করতে পেরেছে
কি? তোমার মতামত দাও। ৪

২। নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

যুগ যুগ ধরে সমাজে শ্রমিকশ্রেণির মানুষেরা রক্তঝরা ঘামে ও অক্লান্ত পরিশ্রমে সুন্দর সুরম্য অট্টালিকা গড়ে তুলেছে। এর ফলেই সম্পদশালী শোষকদের আয়েশি জীবন আরামদায়ক হয়েছে। কিন্তু যারা পৃথিবীকে এমন শান্তিময় করেছে তারা অবহেলিত ও উপেক্ষিত। এমনকি শ্রমের ন্যায্য পাওনা থেকেও তারা বঞ্চিত।

- ক) মানবসভ্যতার যথার্থ রূপকার কারা? ১
- খ) “তরাই মানুষ, তরাই দেবতা, গাহি তাহাদেরি গান, -কবি কাজী নজরুল ইসলাম এখানে
কাদের উদ্দেশ্যে গান গেয়েছেন? বুঝিয়ে লিখ। ২
- গ) উদ্দীপকের সাথে কবিতার কোন অংশের মিল রয়েছে - ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকে শোষক ও শোষিতের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা ‘কুলি-মজুর’ কবিতার আলোকে
ব্যাখ্যা কর। ৪

৩। নিচের অনুচ্ছেদটি পড় এবং সৃজনশীল প্রশ্নগুলোর উত্তর দাওঃ

জয় ঢাকা মেডিকেল কলেজের শেষ বর্ষের ছাত্র। পরীক্ষা শেষে বাড়ি ফিরবে বলে মাকে চিঠি লিখে জানিয়েছে। মা ছেলের পছন্দের সব খাবার যেমন- মুড়ি, মুড়কি, মোয়া, কুমড়া বড়ি বানিয়েছেন। ছেলে বাড়ি ফিরলে পিঠা-পায়েস বানানোর প্রস্তুতিও নিয়েছেন। জয়ের পরীক্ষা শেষ হওয়ার আগেই দেশ জুড়ে শুরু হল মাতৃভাষা রক্ষার দাবিতে আন্দোলন। এমন অবস্থায় জয় চুপ করে থাকতে

পারেনি। সেও সক্রিয়ভাবে অংশগ্রহন করে এ আন্দোলনে। এক সময় পুলিশের গুলিতে শহিদ হয় জয়।

- ক) জেলখানার ডাক্তারে ছেলের নাম কী ছিল? ১
- খ) দিনাজপুরের কারাগারে লেখকের মন হালকা হয়েছিল কীভাবে? ২
- গ) উদ্দীপকের 'জয়' চরিত্রটির সাথে 'বুলু' গল্পের বুলু চরিত্রের সাদৃশ্য বর্ণনা কর। ৩
- ঘ) উদ্দীপকের মূলভাব ও বুলু গল্পের মূলভাব একই সূত্রে গাঁথা' - মন্তব্যটির যথার্থতা নিরূপন কর। ৪